

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৯৩১

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

বাংলা

৯৩১। ৭৭০ নং হাদীস দ্রষ্টব্য।

৭৭০। আলী (রাঃ) বলেন, আমরা যখন মক্কা থেকে রওনা হলাম, তখন হামযার মেয়ে “চাচা, চাচা” বলতে বলতে আমাদের পেছনে ছুটলো। আমি তার হাত ধরলাম এবং ফাতিমার কাছে তাকে সমর্পণ করে বললামঃ তোমার চাচাতো বোনকে সামলাও। তারপর যখন আমরা মদীনায়ে পৌঁছে গেলাম, তখন আমি, জাফর ও যায়িদ বিন হারিসা হামযার মেয়েকে নিয়ে বিবাদে লিপ্ত হলাম। জাফর তাঁর দাবীর পক্ষে যুক্তি দেখালেন, সে আমার চাচাতো বোন এবং তার খালা অর্থাৎ আসমা বিনতে উমাইস আমার কাছে রয়েছে। যায়িদ বললো, সে আমার ভাই-এর মেয়ে। আর আমি বললামঃ আমি তাকে গ্রহণ করেছি এবং সে আমার চাচাতো বোন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে জাফর। তুমি দেখতেও আমার মত, তোমার স্বভাবও আমার মত। আর হে আলী, তুমি তো আমারই আওতাভুক্ত আর আমিও তোমার আওতাভুক্ত। আর হে যায়িদ, তুমি আমাদের ভাই এবং মুক্ত গোলাম। আর মেয়েটি তার খালার কাছেই। কেননা খালা মায়ের সমান। আমি বললাম, আপনি ওকে বিয়ে করতে পারেন না? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ না, কারণ সে আমার দুধ ভাই-এর মেয়ে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64217>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন